



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি

বাস্তবায়ন নীতিমালা



মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
নভেম্বর' ২০১১

## -: মুখবন্ধ :-

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় তিন চতুর্থাংশ নারী ও শিশু। তাই তাদের উন্নয়ন বাংলাদেশের উন্নয়নের পূর্বশর্ত। নারী ও শিশুর সার্বিক উন্নয়ন ও দারিদ্র্য নিরসনের জন্য গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রকল্প ও কর্মসূচি হাতে নিয়েছে। এ সকল কার্যক্রমের অংশ হিসেবে শহর অঞ্চলে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মজীবী মা’দের শারীরিক, মানসিক ও আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে সহায়তা করবে।

বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল হতে নিম্নআয়ের কর্মজীবী ল্যাকটেটিং মা’দের আর্থিক সহায়তা প্রদানের উদ্দেশ্যে এই কর্মসূচি ২০১০-১১ অর্থবছরে প্রথমবারের মত চালু করা হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে এ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচি বাস্তবায়নের জন্য ২০১০-২০১১ অর্থ বছরে বরাদ্দের পরিমাণ ছিল ৩০.০০ (ত্রিশ কোটি) কোটি টাকা এবং উপকারভোগীর সংখ্যা ছিল ৬৭,৫০০ জন।। বর্তমানে (২০১১-১২ অর্থ বছরে) উপকারভোগীর সংখ্যা ৭৭,৬০০ জন এবং মাসিক ভাতার পরিমাণ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা। মোট বরাদ্দের পরিমাণ ৩২.৬০,২৫,০০০/- (বত্রিশ কোটি ষাট লক্ষ পঁচিশ হাজার) কোটি টাকা।

বাংলাদেশের সংবিধান নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (সিডো) এবং শিশু অধিকার সনদ (সি আর সি) এর অনুসরণে মানবাধিকার, নারী ও শিশু অধিকার সংরক্ষণ, বিশেষভাবে নারী ও শিশুদের আর্থ-সামাজিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। একজন সুস্থ সবল, আর্থিকভাবে স্বচ্ছল ও সচেতন মা’-ই পারেন একটি সুস্থ শিশুর জন্ম দিতে এবং স্বাস্থ্য সম্মত ভাবে লালন পালন করতে। গর্ভবস্থায় মা এবং শিশু ভুমিষ্ট হওয়ার পর থেকে সুস্থ সবলভাবে গড়ে উঠার জন্য প্রয়োজন সঠিক সময়ে সঠিক পরিচর্যা। প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা, স্বাস্থ্য ও জন্ম নিয়ন্ত্রন, গৃহায়ণ ও নিরাপদ পয়ঃনিষ্কাশন, জীবিকার মান উন্নয়ন সহ যৌতুক, তালাক, নারী নির্যাতন প্রতিরোধসহ নারীকে আর্থ-সামাজিক অধিকার সচেতন করে গড়ে তোলা এবং পুষ্টি সহায়তা প্রদান করা এই কর্মসূচীর প্রদান উদ্দেশ্য।

পাইলট কর্মসূচি হিসেবে প্রথম পর্যায়ে কর্মসূচিটি ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর এলাকায় অবস্থিত বিজিএমইএ ও বিকেএমইএ এর আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহে এবং ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর বাদে দেশের ৬১টি জেলা সদরস্থ পৌরসভা/সিটি কর্পোরেশনে বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচির সাফল্যের উপর ভিত্তি করে পরবর্তীতে পর্যায়ক্রমে দেশের সকল পৌরসভায় কর্মসূচিটি সম্প্রসারিত হবে। যে সকল প্রতিষ্ঠানে অধিক সংখ্যক গর্ভবতী /দুগ্ধদায়ী দরিদ্র কর্মজীবী মা পাওয়া যাবে সে সকল প্রতিষ্ঠান এবং পৌরসভা/সিটি কর্পোরেশনের বসিঅ এলাকায় বসবাসকারী গর্ভবতী/দুগ্ধদায়ী দরিদ্র কর্মজীবী মহিলাদেরকে কর্মসূচির আওতায় আনা হবে। এক্ষেত্রে ব্যবস্থাপনার সুবিধার্থে ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর এলাকায় বিজিএমইএ এবং বিকেএমইএ এর আওতাভুক্ত গার্মেন্টস ওরিয়েন্টেড প্রতিষ্ঠান সমূহ অগ্রাধিকার পাবে।

শহর অঞ্চলে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র মাধ্যমে শহর এলাকায় দরিদ্র কর্মজীবী গর্ভবতী ও দুগ্ধদায়ী মা’দের আর্থিক সহায়তা প্রদানে এই কর্মসূচিটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। আশা করি সকলের সহযোগিতায় আমরা কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যেতে পারব। মন্ত্রণালয় ও অধিদপ্তরের যে সকল কর্মকর্তা এ নীতিমালা প্রণয়ন ও প্রকাশে সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আমন্ত্রণিক ধন্যবাদ।

বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।  
নভেম্বর, ২০১১খ্রিঃ

( তারিক -উল-ইসলাম)  
সচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## ১.০। পটভূমি :

ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি মা'জাতির সর্বোচ্চ ত্যাগ স্বীকারের প্রতি জাতীয় স্বীকৃতি। কর্মজীবী মা'দের জন্য এই সহায়তা দরিদ্র মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টির উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত একটি অন্যতম সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম। যার মাধ্যমে গর্ভধারণকাল থেকে ২৪ মাস পর্যন্ত সরকার নির্ধারিত হারে নগদ অর্থ, আর্থ-সামাজিক ও সচেতনতামূলক সেবা প্রদান করা হবে। উল্লেখ্য, বাল্যবিবাহ ও যৌতুকের জন্য নির্যাতন রোধকল্পে শুধুমাত্র ২০ বছরের অধিক বয়সী দরিদ্র কর্মজীবী গর্ভবতী / দুগ্ধদায়ী মা'দের ক্ষেত্রে প্রথম বা দ্বিতীয় গর্ভধারণ কালে এ ভাতা প্রযোজ্য হবে। গর্ভবতী মা'দের শিশু ভূমিষ্ট হওয়ার পর থেকে সুস্থ ও সবলভাবে বেড়ে উঠার জন্য প্রয়োজন স্বাস্থ্যসম্মত পরিচর্যা। এ প্রেক্ষিতে নারী ও শিশুর অধিকার সংরক্ষণ বিশেষভাবে শিশুদের নিরাপদ ও সুস্থ পরিবেশে বেড়ে উঠার জন্য সমন্বিত কর্মসূচী হিসাবে শহর অঞ্চলে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ২.০। কর্মসূচি'র কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্য :

### ২.১। লক্ষ্য (Goal) :

দারিদ্র্য নিরসনে সরকারি প্রতিশ্রুতি বাস্তবায়ন করার লক্ষ্যে একটি সামাজিক নিরাপত্তা বলয় গড়ে তোলার মাধ্যমে কর্মজীবী দরিদ্র মা'দের অধিকার প্রতিষ্ঠা করা হবে এই নিরাপত্তা বেটনীর লক্ষ্যসমূহ নিম্নরূপঃ

- ১। মা ও শিশুর মৃত্যুহার হ্রাস ;
- ২। মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি ;
- ৩। গর্ভাবস্থায়, প্রসব ও প্রসবোত্তর সেবা বৃদ্ধি ;
- ৪। স্বাস্থ্য ও জন্ম নিয়ন্ত্রন ;
- ৫। গৃহ ও নিরাপদ পরিবেশ ;
- ৬। জীবিকার মান উন্নয়ন ;
- ৭। পুষ্টি সহায়তা প্রদান ।

### ২.২। উদ্দেশ্য (Objectives) :

শহর এলাকার দরিদ্র কর্মজীবী দুগ্ধদায়ী মা এবং তাঁদের শিশুদের জন্য উপরে উল্লেখিত লক্ষ্য কেন্দ্রিক কার্যক্রম বাস্তবায়ন করার মাধ্যমে সার্বিক জীবন-যাত্রার মান উন্নয়ন করা।

### ৩.০। কর্মসূচি এলাকা :

৩.১। ব্যবস্থাপনার সুবিধার্থে “ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি বাস্তবায়নের জন্য ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর কর্মস্থল ভিত্তিক অর্থাৎ দরিদ্র কর্মজীবী মা'দের কর্মসংস্থানকারী প্রতিষ্ঠানের অবস্থান ভিত্তিক এলাকা নির্ধারন করা হবে। যে সকল প্রতিষ্ঠানে অধিক সংখ্যক গর্ভবতী/দুগ্ধদায়ী দরিদ্র কর্মজীবী মা'দের সমাবেশ (Concentration) ঘটবে সে সকল প্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে এ কর্মসূচি'র আওতায় আনা হবে। এক্ষেত্রে বিজিএমইএ এবং বিকেএমইএ এর আওতাভুক্ত গার্মেন্টস ও রিয়েন্টেড প্রতিষ্ঠান সমূহ অগ্রাধিকার পাবে।

৩.২। পাইলট কর্মসূচি হিসেবে প্রথম পর্যায়ে কর্মসূচিটি ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর এলাকায় অবস্থিত বিজিএমইএ ও বিকেএমইএ এর আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহে এবং ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর বাদে দেশের ৬১টি জেলা সদরস্থ পৌরসভা/সিটি কর্পোরেশনে বাস্তবায়িত

হচ্ছে। কর্মসূচির সাফল্যের উপর ভিত্তি করে পরবর্তীতে পর্যায়ক্রমে দেশের সকল পৌরসভায় কর্মসূচি সম্প্রসারিত হবে। পৌরসভা/সিটি করপোরেশনের বসিঅ এলাকায় বসবাসকারী গর্ভবতী/দুগ্ধদায়ী দরিদ্র কর্মজীবী মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে কর্মসূচির আওতায় আনা হবে।

#### ৪.০। বাস্তবায়ন পদ্ধতি ও বাস্তবায়ন কর্তৃপক্ষ :

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে শহর অঞ্চলে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।

#### ৪.১। জাতীয় ষ্টিয়ারিং কমিটি :

৪.১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে একটি জাতীয় ষ্টিয়ারিং কমিটির মাধ্যমে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির এই ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এই কর্মসূচির আওতায় ২০১০-২০১১ অর্থ বছর হতে শহর এলাকার কর্মজীবী দরিদ্র গর্ভবতী ও দুগ্ধদায়ী মা’দের এই ভাতা প্রদান করে সামাজিক নিরাপত্তা বেষ্টিত তৈরী করা হবে। এই ভাতা প্রদানের মাধ্যমে দরিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার পথ উন্মোচিত হয়েছে। এই কর্মসূচি বাস্তবায়নে নীতি নির্ধারণ ও দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে সচিব/ভারপ্রাপ্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে একটি ষ্টিয়ারিং কমিটি গঠিত হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক উক্ত কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

#### ৪.২। জাতীয় ষ্টিয়ারিং কমিটি :

১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সভাপতি
২. সভাপতি/প্রতিনিধি, বিজিএমইএ	সদস্য
৩. সভাপতি/প্রতিনিধি, বিকেএমইএ	সদস্য
৪. যুগ্ম-সচিব (প্রশাঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫. প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৬. প্রতিনিধি, স্বাস্থ্য মন্ত্রণালয়	সদস্য
৭. প্রতিনিধি, সমাজ কল্যান মন্ত্রণালয়	সদস্য
৮. প্রতিনিধি, স্থানীয় সরকার মন্ত্রণালয়	সদস্য
৯. উপ-সচিব (সংশিষ্ট) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১০. সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্মরত এনজিও/সিবিও এর প্রতিনিধি (মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মনোনীত-১ জন, যদি নিয়োগ দেয়া হয়)।	সদস্য
১১. পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
১২. মহিলা বিষয়ক অধিদপ্তর এর কর্মসূচি বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সহকারী পরিচালক	সদস্য
১৩. মহা পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য-সচিব

(কমিটি প্রয়োজনে অতিরিক্ত সদস্য কো-অপট করতে পারবে।)

#### ৪.৩। জাতীয় ষ্টিয়ারিং কমিটির কার্য পরিধি :

ক. কর্মসূচির নীতি নির্ধারণ, নীতিমালা প্রনয়ণ, বাস্তবায়নে দিক নির্দেশনা দান;

- খ. কর্মসূচির আওতাধীন উপকারভোগী মা'দের প্রতিষ্ঠান/কর্মস্থল ভিত্তিক সংখ্যা এবং জেলা পর্যায়ে অবস্থিত সিটি করপোরেশন/পৌরসভা-ওয়ার্ড সংখ্যা নির্ধারণ;
- গ. মাসিক ভাতার পরিমাণ নির্ধারণ;
- ঘ. বিজিএমইএ/বিকেএমই এ এর আওতাভুক্ত প্রতিষ্ঠান সমূহ হতে নির্বাচিত উপকারভোগীদের সংখ্যা অনুমোদন;
- ঙ. সম বৈশিষ্ট্য সম্পন্ন সরকারের অপরাপর সামাজিক নিরাপত্তা কর্মসূচি সমূহের মধ্যে সমন্বয় সাধন;
- চ. এনজিও/CBO নির্বাচন পদ্ধতি নির্ধারণ এবং তাদের ভূমিকা/অংশগ্রহণ সম্পর্কে কৌশল ও রূপরেখা প্রণয়ন;
- ছ. কর্মসূচির সামগ্রিক কর্ম-পরিকল্পনা অনুমোদন ও বাজেট অনুমোদন;
- জ. কর্মসূচির জন্য একটি মূল্যায়ন টিম গঠন ও বছর ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা;
- ঝ. কর্মসূচি বাস্তবায়নের উপায় উদ্ভাবন;
- ঞ. এনজিও/সিবিও এর কর্ম এলাকা ও কর্মপরিধি নির্ধারণ ও সেবার জন্য সার্ভিস চার্জ নির্ধারণ;
- ট. কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত এনজিওদের চূড়ামন্ত্র অনুমোদন;
- ঠ. স্টিয়ারিং কমিটি বছরে ন্যূনতম ২টি সভায় মিলিত হবে। প্রয়োজনে সভার সংখ্যা বৃদ্ধি পেতে পারে।

#### ৫.০। বাস্তবায়ন ও মনিটরিং কমিটি :

১.	মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সভাপতি
২.	প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (উপ-সচিব পর্যায়ের)	সদস্য
৩.	পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
৪.	প্রতিনিধি, এনজিও/সিবিও (মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মনোনীত, যদি এনজিও নিয়োগ দেয়া হয়)।	সদস্য
৫.	প্রতিনিধি, বিজিএমইএ	সদস্য
৬.	প্রতিনিধি, বিকেএমইএ	সদস্য
৭.	কর্মসূচি বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
৮.	কর্মসূচি বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সহকারী পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর (প্রয়োজনে কমিটি অতিরিক্ত সদস্য কো-অপ্ট করতে পারবে।)	সদস্য-সচিব

#### ৫.১। বাস্তবায়ন ও মনিটরিং কমিটির কার্য পরিধি :

১. বিজিএমইএ এবং বিকেএমইএ কর্তৃক উপস্থাপিত দরিদ্র কর্মজীবী গর্ভবতী/ দুগ্ধদায়ী মা'দের তালিকা হতে অগ্রাধিকার বিবেচনার ভিত্তিতে এবং প্রয়োজনের নিরীখে এই কর্মসূচির সহায়তা তহবিল বিতরণের জন্য চূড়ামন্ত্র তালিকা অনুমোদন এবং পরিবীক্ষণ কার্যক্রম গ্রহণ;
২. কর্মএলাকা ও কর্মস্থল ভিত্তিক প্রতিষ্ঠান নির্বাচন, সংশ্লিষ্ট এলাকা ও কর্মস্থলের জন্য এনজিও/সিবিও নির্বাচন;

৩. এনজিও/সিবিও নির্বাচনের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান, এনজিও/সিবিও এর যোগ্যতা নির্ধারন,আবেদন পত্র যাচাই-বাছাই এবং মূল কমিটিতে অনুমোদনের জন্য চূড়ামত্ন তালিকা প্রণয়ন। এই সংক্রামত্ন কাজে প্রয়োজনে সাব-কমিটি গঠন;
  ৪. সহায়তা তহবিল বিতরণ নিশ্চিত করণ;
  ৫. সহায়তা তহবিল বিতরণ পদ্ধতি নির্ধারণ।
- \* \* কমিটি প্রয়োজনে যে কোন সময় সভায় মিলিত হয়ে কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করবে।

#### ৬.০। জেলা পর্যায়ে কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটি :

১.	জেলা প্রশাসক	সভাপতি
২.	সিভিল সার্জন	সদস্য
৩.	জেলা পর্যায়ের একজন গণমান্য ব্যক্তি	সদস্য
৪.	সচিব, সিটি করপোরেশন/পৌরসভা	সদস্য
৫.	মহিলা ওয়ার্ড কমিশনার (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত-১ জন)।	সদস্য
৬.	উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
৭.	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা	সদস্য
৮.	প্রতিনিধি, এনজিও/সিবিও (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত, নির্বাচিত এনজিও সমূহ থেকে একজন, যদি এনজিও/সিবিও নিয়োগ দেয়া হয়)।	সদস্য
৯.	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য-সচিব

#### ৬.১ জেলা পর্যায়ে কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটির কার্য পরিধি :

- ক. জেলা কমিটি সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার, মহিলা ওয়ার্ড কমিশনার/মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি সমূহের কাছ থেকে সম্ভাব্য উপকারভোগীদের তালিকা সংগ্রহ করবে। তাছাড়াও যে কোন উপকারভোগী সরাসরি জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর আবেদন করতে পারবে।
- খ. অনুরূপভাবে প্রাপ্ত আবেদন সমূহ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে এনজিও/সিবিও কর্তৃক উপস্থাপিত সম্ভাব্য উপকারভোগীদের চিহ্নিত করণ, পূরনকৃত আবেদন ফরম (পরিশিষ্ট-'ক') যাচাই-বাছাই এবং সুপারিশসহ তালিকা চূড়ামত্নকরণ।
- গ. সরেজমিন পরিদর্শনের মাধ্যমে সংশ্লিষ্ট এনজিও/সিবিও কর্তৃক প্রেরিত তথ্যাদি জরীপ এবং তথ্যানুসন্ধান;
- ঘ. সংশ্লিষ্ট স্বাস্থ্য/ পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট হতে বিনামূল্যে গর্ভবতী /প্রসূতী সনদ গ্রহনের ব্যবস্থা;

- ঙ. উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে প্রশ্ন দেখা দিলে সরেজমিন পরিদর্শন করে তথ্যাদি পরীক্ষা পূর্বক ব্যবস্থা গ্রহণ, ক্ষেত্র ভেদে তা বাস্তবায়ন ও মনিটরিং কমিটিতে নিষ্পত্তির জন্য প্রেরণ;
- চ. প্রয়োজন অনুসারে যে কোন সময় সভায় মিলিত হয়ে কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা;

## ৬.২। বিজিএমইএ/বিকেএমইএ এর কার্যাবলী :

- ক. বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃপক্ষ তাদের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহে কর্মরত উপকারভোগীদের তালিকা প্রণয়ন করবে।
- খ. উপকারভোগীদের স্ব-স্ব নামে ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ করবে।
- গ. এই কর্মসূচির আওতায় উপকারভোগীদের যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করবে।
- ঘ. উপকারভোগীদের নামে খোলা ব্যাংক হিসাব ও উপকারভোগীদের তালিকা যথাসময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করবে।
- ঙ. যে সকল ব্যাংকে বিজিএমইএ এবং বিকেএমইএ এর উপকারভোগীর ব্যাংক হিসাব থাকবে ভাতা বিতরণের পর সে সকল ব্যাংক থেকে হিসাব সংগ্রহ পূর্বক যথাসময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবে।
- চ. বিজিএমইএ এবং বিকেএমইএ তাদের আওতাভুক্ত প্রতিষ্ঠানের উপকারভোগীদের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং মাসে কমপক্ষে দুই দিন তিন ঘন্টা করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়ন কমিটি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা পূর্বক প্রশিক্ষণের স্থান, দিনক্ষণ ও প্রশিক্ষণ মডিউল তৈরী করতে হবে।
- ছ. এই কর্মসূচির আওতায় জেলা পর্যায়ে সিটি করপোরেশন বা পৌরসভার জন্য নির্বাচিত এনজিও/সিবিও সমূহ যে সকল দায়িত্ব পালন করবে বিজিএমইএ ও বিকেএমইএ-কে অনুরূপ দায়িত্ব পালন করতে হবে। এনজিও/সিবিও এর মত বিজিএমইএ ও বিকেএমইএ-কে মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিবদ্ধ হতে হবে। চুক্তি ভঙ্গ করলে বা শর্তানুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ না করলে সেবামূল্য প্রদান করা হবে না। সন্তোষজনক কাজের ভিত্তিতে সেবামূল্য প্রদান করা হবে। মহিলা বিষয়ক অধিদপ্তর যথারীতি এই কার্যক্রম মনিটর করবে।

## ৬.৩ সংযোজনী : উপজেলা পৌরসভা কমিটি :

১	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা	সদস্য
৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্য
৪	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৫	উপজেলা পৌরসভা সচিব	সদস্য
৬	এনজিও প্রতিনিধি (যদি চুক্তিবদ্ধ এনজিও থাকে)	সদস্য
৭	সংশ্লিষ্ট উপজেলা ব্যাংক প্রতিনিধি	সদস্য

৮	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য-সচিব
---	-------------------------------	------------

### ৬.৪ উপজেলা পৌরসভা কর্মজীবী ল্যাকটেটিং মাদার :

- ক. উপজেলা কমিটি সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার, মহিলা ওয়ার্ড কমিশনার/মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি সমূহের কাছ থেকে সম্ভাব্য উপকারভোগীদের তালিকা সংগ্রহ করবে। তাছাড়াও যে কোন উপকারভোগী সরাসরি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর আবেদন করতে পারবে।
- খ. অনুরূপভাবে প্রাপ্ত আবেদন সমূহ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে এনজিও/সিবিও কর্তৃক উপস্থাপিত সম্ভাব্য উপকারভোগীদের চিহ্নিত করণ, পূরনকৃত আবেদন ফরম (পরিশিষ্ট-'ক') যাচাই-বাছাই এবং সুপারিশসহ তালিকা চূড়ামত্বকরণ।
- গ. সরেজমিন পরিদর্শনের মাধ্যমে সংশ্লিষ্ট এনজিও/সিবিও কর্তৃক প্রেরিত তথ্যাদি জরীপ এবং তথ্যানুসন্ধান;
- ঘ. সংশ্লিষ্ট স্বাস্থ্য/ পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট হতে বিনামূল্যে গর্ভবতী /প্রসূতী সনদ গ্রহণের ব্যবস্থা;
- ঙ. উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে প্রশ্ন দেখা দিলে সরেজমিন পরিদর্শন করে তথ্যাদি পরীক্ষা পূর্বক ব্যবস্থা গ্রহণ, ক্ষেত্র ভেদে তা বাস্তবায়ন ও মনিটরিং কমিটিতে নিষ্পত্তির জন্য প্রেরণ;
- চ. প্রয়োজন অনুসারে যে কোন সময় সভায় মিলিত হয়ে কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা;

### ৭.০ সুবিধাভোগী হওয়ার শর্ত ও যোগ্যতা :

কর্মজীবী ল্যাকটেটিং মাদার বলতে কোন প্রতিষ্ঠানে অথবা নিজ গৃহে কর্মরত দরিদ্র গর্ভবতী/দুগ্ধদায়ী মাকে বুঝায়। এক্ষেত্রে গৃহ কর্মকে বিবেচনায় আনা হবে। এই সংজ্ঞার আওতায় নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে একজন দরিদ্র মাকে উপকারভোগীর তালিকায় বিবেচনা করা যাবে।

- ক. নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
- খ. বয়স কমপক্ষে ২০ বছর বা তার উর্ধ্বে হতে হবে;
- গ. মাসিক মোট আয় ৫,০০০/- টাকা অথবা তার নিম্নে এবং অন্য কোন আয়ের উৎস নেই ;
- ঘ. বিজিএমইএ/বিকেএমইএ এর আওতাভুক্ত নির্ধারিত প্রতিষ্ঠানে চাকুরীরত দরিদ্র, দুঃস্থ দুগ্ধদায়ী এবং গর্ভবতী মহিলা হতে হবে।
- ঙ. ৬১টি জেলা সদর অথবা পরবর্তীতে সম্প্রসারিত ৬৪টি জেলা সদরস্থ পৌরসভা/সিটি করপোরেশনের (কর্মসূচির জন্য নির্ধারিত এলাকা) স্থায়ী বাসিন্দা অর্থাৎ ভোটার হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়ণ থাকতে হবে।
- চ. দরিদ্র প্রতিবন্ধী কর্মজীবী গর্ভবতী /দুগ্ধদায়ী মা ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- ছ. দরিদ্র কর্মজীবী গর্ভবতী/দুগ্ধদায়ী মা প্রথম ও দ্বিতীয় গর্ভের সমতান গর্ভাবস্থায় বা সমতান প্রসব হতে সর্বোচ্চ ২৪ মাসের জন্য জীবনে একবার মাত্র এই ভাতা পাওয়ার যোগ্য হবেন;

জ. তৃতীয় বা তৎপরবর্তী সমঝান জন্মদানের জন্য কোন কর্মজীবী মা এই ভাতা পাওয়ার যোগ্য হবেন না। তবে প্রথম ও দ্বিতীয় গর্ভের সমঝান গর্ভাবস্থায় অথবা জন্মের দুই বছরের মধ্যে মারা গেলে তৃতীয় গর্ভধারণকাল বিবেচনা করা যাবে।

কোন কর্মজীবী মায়ের একাধিক বিবাহ হলেও শুধুমাত্র ১ম/২য় গর্ভধারণকাল অথবা ১ম/২য় সমঝানের দুগ্ধদায়ী মা এই ভাতা পাওয়ার যোগ্য হবে।

ঝ. কোন কারণে সমঝান জন্মগ্রহণের পর দুই বছরের মধ্যে মারা গেলে সংশ্লিষ্ট মা ২৪ মাস পূর্ণ হওয়া পর্যন্ত ভাতা পাবেন;

ঞ. নির্বাচিত কর্মজীবী গর্ভবতী মা ভাতা গ্রহণ হতে ২৪ মাসের মধ্যে মারা গেলে তার সহায়তা তহবিল বন্ধ হয়ে যাবে। তবে শিশু সমঝান জীবিত থাকলে অবশিষ্ট সময়ে সমঝানের বৈধ অভিভাবককে এই ভাতা প্রদান করা যাবে। এ ক্ষেত্রে অভিভাবক এর পরিচয় পত্রে ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

ট. উপকারভোগী নির্বাচন যখনই সম্পন্ন হোক না কেন উপকারভোগীগন অর্থ বছরের শুরুর (জুলাই মাস) থেকেই ভাতা প্রাপ্য হবেন।

#### ৮.০১ অংশগ্রহণকারী নির্বাচিত এনজিও/সিবিও এর উপযুক্ততার শর্তাবলী :

ক. অংশগ্রহণকারী এনজিও/ সিবিও কে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হতে হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুরূপ কোন কর্মসূচির সাথে সংশ্লিষ্ট নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।

খ. অংশগ্রহণকারী এনজিও/ সিবিও এর পূর্ববর্তী ২ বছরসহ ৩ বছরের বার্ষিক আর্থিক অডিট প্রতিবেদন হালনাগাদ ও সমেত্মাষজনক হতে হবে এবং সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান/ ব্যক্তি কর্তৃক অডিট প্রতিবেদন থাকতে হবে।

গ. নিবন্ধনকারী প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ নবায়ন থাকতে হবে।

ঘ. কর্মএলাকায় চলমান কার্যক্রমসহ অভিজ্ঞ ও দক্ষ কর্মী বাহিনী কর্মরত থাকতে হবে এবং কর্ম এলাকা ভিত্তিক এনজিও/ সিবিও কে অগ্রাধিকার দেয়া হবে।

ঙ. সরকার/প্রশাসনের সাথে এধরনের উন্নয়নমূলক কাজে যৌথ অংশীদারিত্বের বা সম্পৃক্ততার পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।

চ. Bank Solvency প্রদানে সক্ষম এনজিও অগ্রাধিকার পাবে।

ছ. অংশ গ্রহনকারী এনজিও / সিবিও সমূহ চুক্তিতে উল্লেখিত কর্ম শুরুর তারিখ থেকে সেবামূল্য পাবেন।

#### ৯.০১ অংশগ্রহণকারী নির্বাচিত এনজিও/সিবিও এর কার্যাবলী :

ক. কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কর্ম এলাকায় নির্ধারিত প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের সাথে সমঝয়ের মাধ্যমে ঐ এলাকার কর্মজীবী গর্ভবতী/দুগ্ধদায়ী মা'দের মূল তালিকা ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত পূর্বক জেলা সদরস্থ পৌরসভা/সিটি করপোরেশনের জেলা পর্যায়ে কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটিতে উপস্থাপন করবে।

- খ. প্রজনন স্বাস্থ্যসহ জীবন যাত্রার মানোন্নয়নে প্রয়োজনীয় অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- গ. গর্ভধারণ ও প্রসবকালীন যত্ন, স্বাস্থ্য ও জন্মনিয়ন্ত্রন, স্যানিটেশন, সচেতনতামূলক প্রশিক্ষণ দান/ কাউন্সিলিং সহ, সামগ্রিক সহযোগিতা প্রদান;
- ঘ. সুবিধাভোগী পরিবারের সাথে যোগাযোগ, পরিবীক্ষণ ও জেলা পর্যায়ে ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটিকে প্রয়োজনীয় তথ্য প্রদান;
- ঙ. ভাতা বিতরণে সহায়তা প্রদান ও মাষ্টার রোল সংরক্ষণ এবং এর কপি জেলা পর্যায়ে কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ;
- চ. ল্যাকটেটিং মাদার ভাউচার স্কীম এবং কম্যুনিটি নিউট্রিশন প্রকল্পের সুবিধা প্রাপ্তিতে ভাতাভোগীকে সহযোগিতা প্রদান।
- ছ. যদি বসিআ এলাকায় কোন প্রশিক্ষণ কেন্দ্র থাকে সেখানে এনজিও কর্তৃক প্রশিক্ষণের স্থান এবং শিশুদের ব্রেস্ট ফিডিং কর্ণার এর ব্যবস্থা করতে হবে।
- জ. উপকারভোগীর জন্য মাসে কমপক্ষে ২দিন ৩ ঘন্টা করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। তদারকি কমিটি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনা পূর্বক প্রশিক্ষণের স্থান, দিনক্ষণ এবং প্রশিক্ষণ মডিউল তৈরী করতে হবে অথবা কর্তৃপক্ষ নির্ধারিত প্রশিক্ষণ মডিউল অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ঝ. নির্বাচিত এনজিও/সিবিও কে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত শর্তাদির আলোকে চুক্তিবদ্ধ হতে হবে।

#### ১০.। এলাকা ভিত্তিক কর্মজীবী নিয়োগ প্রতিষ্ঠান নির্বাচন এবং তাদের দায়িত্ব :

- ক. ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলায় কর্মসূচি চালুকরণের লক্ষ্যে বিজিএমইএ/বিকেএমইএ তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহ এবং কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে এ সকল প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বসিআকেও কর্মসূচির আওতাভুক্ত করা হবে। পরবর্তীতে অর্জিত অভিজ্ঞতার ভিত্তিতে পর্যায়ক্রমে এ কার্যক্রমের কভারেজ সম্প্রসারিত হবে।
- খ. যে সকল প্রতিষ্ঠানে কমপক্ষে ৫০ জন উপকারভোগী পাওয়া যাবে সে সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে। যদি কোন কর্মস্থল এলাকায় একটি প্রতিষ্ঠানে ৫০ জন উপকারভোগী পাওয়া না যায় তবে তার পার্শ্ববর্তী সংলগ্ন একাধিক প্রতিষ্ঠানকে অমত্মভুক্ত করা যাবে।
- গ. নির্বাচিত প্রতিষ্ঠান অংশগ্রহনকারী এনজিও/বিজিএমইএ/বিকেএমইএ এর প্রতিনিধিকে নিয়ে উপকারভোগীদের তালিকা প্রণয়ন পূর্বক তদারকি/যাচাই কমিটিতে বিজিএমইএ/বিকেএমইএ বরাবর উপস্থাপন করতে হবে।
- ঘ. নির্বাচিত প্রতিষ্ঠানকে উপকারভোগীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। যেখানে একাধিক প্রতিষ্ঠান মিলে একটি কর্মস্থল ইউনিট হবে সেখানে বেশী সংখ্যক উপকারভোগী বিশিষ্ট প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থা করতে হবে।

#### ১১.। সহায়তা তহবিল পরিচালনা, ভাতার মেয়াদ, পরিমাণ ও বিতরণ পদ্ধতি :

- ক. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা সংশ্লিষ্ট পরিচালক ও কর্মসূচি বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সহকারী পরিচালক এর যৌথ স্বাক্ষরে (যে কোন দুইজন) সহায়তা তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হবে।

- খ. জাতীয় ষ্টিয়ারিং কমিটি অনুমোদিত বাজেট বিভাজন অনুযায়ী ল্যাকটাটিং মাদার সহায়তা তহবিল পরিচালিত হবে।
- গ. বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমাপূর্বক বিভাজন অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে। অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে ফেরত প্রদান করা হবে।
- ঘ. প্রয়োজনানুযায়ী বিভাজনের আমত্ম:খাত সমন্বয় করা যাবে।
- ঙ. একজন উপকারভোগী মায়ের মাসিক ভাতার পরিমাণ এবং সেবা প্রদানকারী এনজিও/সিবিও প্রতি উপকারভোগীর জন্য ২৪ (চব্বিশ) মাসের সেবা মূল্য ষ্টিয়ারিং কমিটি/ প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত হবে।
- চ. অর্থ মন্ত্রণালয় ভাতার অর্থ বছরে দুই কিস্তিতে অবমুক্ত করবে এবং এই ভাতা বছরে দুই বার বিতরণ করা হবে। উপযুক্ত কারণ বশতঃ এই ভাতার অর্থ বছরে এককালীন অবমুক্ত করে বিতরণ করা যাবে।
- ছ. বিজিএমইএ/বিকেএমইএ এর আওতাভুক্ত গার্মেন্টস প্রতিষ্ঠান সমূহের উপকারভোগীদের স্ব-স্ব নামে খোলা ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা গ্রহণ করাকে উৎসাহিত করা হবে।
- জ. জেলা পর্যায়ে পেনশনারদের পিপিও এর ন্যায় কর্মজীবী ল্যাকটেটিং মাদার উপকারভোগীদের ভাতা পরিশোধ বই থাকবে। এই বইয়ে সংশ্লিষ্ট জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও পৌরসভা/সিটি করপোরেশন প্রতিনিধি স্বাক্ষর থাকবে। ভাতা বিতরণের সময় সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর নিশ্চিত করতে হবে। ভাতা পরিশোধ কার্ড উপকারভোগীর নিকট সংরক্ষিত থাকবে।
- ঝ. উপকারভোগী নির্বাচন পরবর্তী সময়ে আর্থিক বছরের শুরুর্তে যদি কোন উপকারভোগী মৃত্যুবরণ করে এবং একবারও কোন ভাতা গ্রহণ না করে তাহলে বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃপক্ষ/জেলা পর্যায়ে কর্মজীবী ল্যাকটেটিং মাদার নির্বাচন কমিটির মাধ্যমে নতুন উপকারভোগী নির্বাচন করা যাবে। উক্ত নির্বাচিত নতুন উপকারভোগী অর্থ বছরের শুরুর্ত হতে ভাতা প্রাপ্য হবেন।

## ১২.। উপকারভোগীদের তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি :

- ক. চূড়ামত্মভাবে অনুমোদিত উপকারভোগীর ছবিসহ তালিকা,আবেদন ফরম ও যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বিজিএমইএ ও বিকেএমইএ এর আওতাভুক্ত নিয়োগ প্রতিষ্ঠানসমূহ পৃথক পৃথকভাবে সংরক্ষণ করবে।
- খ. জেলার ক্ষেত্রে পেনশনারদের পিপিও এর ন্যায় ভাতা পরিশোধ কার্ড থাকবে (পরিষ্টিত 'খ')। এ কার্ডে সংশ্লিষ্ট জেলা কমিটির সদস্য সচিব কর্তৃক ভাতা প্রাপকের সত্যায়িত ছবি(সত্যায়নকারীর সীলসহ) থাকবে।
- গ. কার্ডে এনজিও প্রতিনিধি,(যদি এনজিও নিয়োগ দেয়া হয়)/ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি করপোরেশন এর সচিব/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার স্বাক্ষর থাকবে।
- ঘ. উপকারভোগীদের মধ্যে কেউ কার্ড হারিয়ে বা কোন কারণে নষ্ট করে ফেললে জেলা কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির নতুন কার্ড প্রদানের আবেদনের বিষয়টি চূড়ামত্ম নিষ্পত্তি করবে। বিষয়টি যাচাই-বাছাই করে কমিটি পুনরায় একটি ডুপ্লিকেট কার্ড ইস্যু করবে।

## ১৩.। কর্মসূচি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ব্যয়ের বাজেট :

- ক. কম্পিউটার, ফটোকপি মেশিন ও অন্যান্য এক্সেসরিজ বাবদ ব্যয়;

- খ. তদারকী/মনিটরিং এর জন্য যাতায়াত ভাতা/যানবাহন/মোটর সাইকেল বাবদ ব্যয়;
- গ. অফিস স্টেশনারী বাবদ ব্যয়;
- ঘ. বিভিন্ন কমিটির সদস্যদের সম্মানী ও সভার আনুষঙ্গিক ব্যয়;
- ঙ. আসবাবপত্র ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়;

বাস্তবায়ন ও মনিটরিং কমিটি উপরোক্ত খাতসমূহ ছাড়াও অন্যান্য প্রয়োজনীয় খাতের ব্যয় বিভাজন প্রস্তুতপূর্বক স্টিয়ারিং কমিটিতে অনুমোদনের জন্য পেশ করবে। স্টিয়ারিং কমিটি কর্তৃক এই ব্যয় বিভাজন চূড়ামত্ৰ অনুমোদন দেয়া হবে।

**“কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির আবেদনপত্র**

প্রথম অংশ

(আবেদনকারী যথাযথ স্থানে স্বাক্ষর/ টিপসহ দিবেন)

বরাবর,

.....  
.....  
.....

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি
----------------------------------

বিষয়ঃ “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার বর্তমান বয়স ..... বছর। আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ..... টাকা হারে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির আবেদন জানাইতেছি এবং এই সূত্রে নিম্নলিখিত তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করিতেছি।

ক) নাম :

খ) ঠিকানা :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

.....

.....

.....  
.....  
.....

আপনার বিশ্বস্ত,  
স্বাক্ষর/টিপসহ ;

নাম ;

(গ) স্বাস্থ্যগত অবস্থা :

(১) প্রথম গর্ভধারণকাল

(২) প্রতিবন্ধী

৩) বয়স ২০ বছর বা তার উর্ধ্বে

(প্রযোজ্য ক্ষেত্রে তথ্য/ টিক চিহ্ন দিন)

দ্বিতীয় গর্ভধারণকাল

(ঘ) আর্থ-সামাজিক অবস্থা

(১) মাসিক আয়  
৫,০০০/- (পাঁচ  
হাজার) টাকার  
নীচে।

(২) দরিদ্র  
পরিবারের প্রথম  
রোজগারী মহিলা

(৩) কেবল বসত  
বাড়ী রয়েছে বা  
অন্যের জায়গায়  
বাস করে।

(৪) নিজের বা  
পরিবারের কোন  
কৃষি জমি, পুকুর  
ও পশু সম্পদ  
নেই।

(O) শিক্ষাগত অবস্থা : .....

(P) ভোটার আইডি নম্বর : .....

(Q) সুপারিশকারী ওয়ার্ড কমিশনার/মহিলা কমিশনার/মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত কমিটির সভানেত্রী/সম্পাদিকার স্বাক্ষর।

**দ্বিতীয় অংশ**  
**মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ**

উপকারভোগী ..... পিতা/স্বামী .....কে

মাসিক ..... টাকা হারে "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি'র ভাতা মঞ্জুর করা হলো।

স্বাক্ষর-  
(সীলমোহরসহ)  
সদস্য-সচিব  
জেলা/উপজেলা পর্যায়ে কর্মজীবী  
ল্যাকটেটিং  
মাদার নির্বাচন কমিটি।

**“কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির আবেদনপত্র**

**প্রথম অংশ**

**(আবেদনকারী যথাযথ স্থানে স্বাক্ষর/ টিপসহ দিবেন)**

বরাবর,

.....  
.....  
.....

পাসপোর্ট সাইজের  
সত্যায়িত ছবি

বিষয়ঃ “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার বর্তমান বয়স ..... বছর। আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কতৃর্ক ঘোষিত ..... টাকা হারে “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র ভাতা মঞ্জুরির আবেদন জানাইতেছি এবং এই সূত্রে নিম্নলিখিত তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করিতেছি।

ক) নাম :

খ) ঠিকানা :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

.....  
.....

.....  
.....

.....  
.....

আপনার বিশ্বস্ত,  
স্বাক্ষর/টিপসহ :

নাম :

(গ) স্বাস্থ্যগত অবস্থা :

(১) প্রথম গর্ভধারণকাল

(২) প্রতিবন্ধী

৩) বয়স ২০ বছর বা তার উর্ধ্বে

(প্রযোজ্য ক্ষেত্রে তথ্য/ টিক চিহ্ন দিন)

দ্বিতীয় গর্ভধারণকাল

(ঘ) আর্থ- সামাজিক অবস্থা :

(১) মাসিক আয়  
৫,০০০/- (পাঁচ  
হাজার) টাকার  
নীচে

(২) দরিদ্র  
পরিবারের প্রথম  
রোজগারী মহিলা

(৩) কেবল বসত  
বাড়ী রয়েছে বা  
অন্যের জায়গায়  
বাস করে

(৪) নিজের বা  
পরিবারের কোন  
কৃষি জমি, পুকুর  
ও পশু সম্পদ  
নেই

(O) শিক্ষাগত অবস্থা : .....

(P) ভোটার আইডি নম্বর :- .....

(Q) সুপারিশকারী গার্মেন্টস কর্তৃপক্ষের স্বাক্ষর : .....

**দ্বিতীয় অংশ**  
**মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ**

উপকারভোগী ..... পিতা/স্বামী .....কে

মাসিক ..... টাকা হারে "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি'র ভাতা মঞ্জুর করা হলো।

স্বাক্ষর-  
(সীলমোহরসহ)  
বিজিএমইএ/বিকেএমইএ এর নিযুক্ত  
প্রতিনিধির স্বাক্ষর

কার্ডের ক্রমিক নম্বর :



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## “ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসচি

ভাতা পরিশোধ কার্ড

(ভাতা গ্রহণকারীর অংশ)

২০১ - ২০১ অর্থবছর

মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

সত্যায়িত

ছবি

- ১। খরচ বহনকারী কর্তৃপক্ষ ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর
- ২। হিসাবের খাত/কোড ঃ ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫- বিশেষ অনুদান
- ৩। উপকারভোগী মহিলার নাম ঃ-----  
জন্ম তারিখ/বয়স ঃ-----/  
পিতার নাম ঃ-----  
মাতার নাম ঃ-----  
স্বামীর নাম ঃ-----
- ৪। (ক) স্থায়ী ঠিকানা ঃ-----  
গ্রাম ঃ ----- ওয়ার্ডঃ -----  
ইউনিয়ন ঃ ----- উপজেলা ঃ -----  
জেলা ঃ -----  
(খ) বর্তমান ঠিকানা ঃ -----  
-----
- ৫। উপকারভোগী মহিলার তালিকাভুক্তির তারিখ ঃ -----
- ৬। উপকারভোগী মহিলার ভোটার আইডি নম্বরঃ-----
- ৭। উপকারভোগী মহিলার গর্ভধারণের/ সন্তান প্রসবের তারিখ ঃ -----
- ৮। উপকারভোগী মহিলার সম্মান সংখ্যাঃ-----
- ৯। কার্ড বিতরণের তারিখঃ -----
- ১০। ব্যাংক হিসাব নম্বরঃ-----



“কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি’র অনুমোদিত নীতিমালাতে সংযোজনী ৬.৩ ও ৬.৪ এ উপজেলা পৌরসভা কমিটি ও কমিটির কার্যপরিধি সংযুক্তকরণ প্রসঙ্গে।

#### ৬.৩ উপজেলা পৌরসভা কমিটি:

১	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা	সদস্য
৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্য
৪	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৫	উপজেলা পৌরসভা সচিব	সদস্য
৬	এনজিও প্রতিনিধি (যদি চুক্তিবদ্ধ এনজিও থাকে)	সদস্য
৭	সংশ্লিষ্ট উপজেলা ব্যাংক প্রতিনিধি	সদস্য
৮	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য-সচিব

#### ৬.৪ উপজেলা পৌরসভা কর্মজীবী ল্যাকটেটিং মাদার কমিটির কার্যপরিধি:

- ক. উপজেলা কমিটি সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার, মহিলা ওয়ার্ড কমিশনার/মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি সমূহের কাছ থেকে সম্ভাব্য উপকারভোগীদের তালিকা সংগ্রহ করবে। তাছাড়াও যে কোন উপকারভোগী সরাসরি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর আবেদন করতে পারবে।
- খ. অনুরূপভাবে প্রাপ্ত আবেদন সমূহ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে এনজিও/সিবিও কর্তৃক উপস্থাপিত সম্ভাব্য উপকারভোগীদের চিহ্নিতকরণ, পুরনকৃত আবেদন ফরম (পরিশিষ্ট-‘ক’) যাচাই-বাছাই এবং সুপারিশসহ তালিকা চূড়ামত্বকরণ।
- গ. সরেজমিন পরিদর্শনের মাধ্যমে সংশ্লিষ্ট এনজিও/সিবিও কর্তৃক প্রেরিত তথ্যাদি জরীপ এবং তথ্যানুসন্ধান;
- ঘ. সংশ্লিষ্ট স্বাস্থ্য/ পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট হতে বিনামূল্যে গর্ভবতী /প্রসূতী সনদ গ্রহণের ব্যবস্থা;
- ঙ. উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে প্রশ্ন দেখা দিলে সরেজমিন পরিদর্শন করে তথ্যাদি পরীক্ষা পূর্বক ব্যবস্থা গ্রহণ, ক্ষেত্র ভেদে তা বাস্তবায়ন ও মনিটরিং কমিটিতে নিষ্পত্তির জন্য প্রেরণ;
- চ. প্রয়োজন অনুসারে যে কোন সময় সভায় মিলিত হয়ে কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা;

+++++

২০১২-১৩ অর্থবছরে "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি এর আওতায় জেলাসদরস্থ সিটি কর্পোরেশন/পৌরসভায় নতুন করে নিমণরূপ বিভাজন অনুযায়ী উপকারভোগী নির্বাচন করতে হবে।

উপকারভোগী নির্বাচনের জন্য কার্ড সংখ্যার বিভাজন নিমণরূপঃ

ক্রঃ	জেলার নাম	কার্ড সংখ্যা	ক্রঃ নং	জেলার নাম	কার্ড সংখ্যা
------	-----------	--------------	---------	-----------	--------------

নং		
১	মানিকগঞ্জ	৯০০
২	মুন্সিগঞ্জ	৫৫০
৩	নরসিংদী	৫৫০
৪	টাঙ্গাইল	১০০০
৫	ময়মনসিংহ	১৩০০
৬	কিশোরগঞ্জ	১০৫০
৭	নেত্রকোনা	১০৫০
৮	জামালপুর	১৩০০
৯	শেরপুর	১০০০
১০	ফরিদপুর	১৩০০
১১	মাদারীপুর	১০৫০
১২	শরীয়তপুর	৬৫০
১৩	রাজবাড়ী	৫৫০
১৪	গোপালগঞ্জ	৮৫০
১৫	চট্টগ্রাম	১৩৫০
১৬	কক্সবাজার	৯৫০
১৭	রাঙ্গামাটি	৭৫০
১৮	বান্দরবান	১০০০
১৯	খাগড়াছড়ি	৭০০
২০	কুমিল্লা	৮০০
২১	চাঁদপুর	৬৫০
২২	বি-বাড়ীয়া	৫৫০
২৩	নোয়াখালী	১৩০০
২৪	লক্ষ্মীপুর	৮০০
২৫	ফেনী	৬৫০
২৬	সিলেট	১০০০
২৭	সুনামগঞ্জ	৫৫০
২৮	মৌলভীবাজার	৫৫০
২৯	হবিগঞ্জ	৬৫০
৩০	রাজশাহী	২০০০
৩১	নওগাঁ	৮০০

৩২	নাটোর	৯৫০
৩৩	চাঁপাইনবাবগঞ্জ	৮৫০
৩৪	বগুড়া	১২০০
৩৫	জয়পুরহাট	১০০০
৩৬	পাবনা	১১০০
৩৭	সিরাজগঞ্জ	৫৫০
৩৮	রংপুর	১০০০
৩৯	নীলফামারী	৬৫০
৪০	লালমনিরহাট	১০৫০
৪১	গাইবান্দা	৭৫০
৪২	কুড়িগ্রাম	১০০০
৪৩	দিনাজপুর	১২০০
৪৪	ঠাকুরগাঁও	৮০০
৪৫	পঞ্চগড়	৮৫০
৪৬	খুলনা	২৬৮৬
৪৭	বাগেরহাট	১০৫০
৪৮	সাতক্ষীরা	৮৫০
৪৯	যশোর	৯০০
৫০	নড়াইল	৫৫০
৫১	ঝিনাইদহ	৮০০
৫২	কুষ্টিয়া	১২০০
৫৩	চুয়াডাঙ্গা	৫৫০
৫৪	মেহেরপুর	৭৫০
৫৫	মাগুড়া	১০০০
৫৬	বরিশাল	১১০০
৫৭	ঝালকাঠি	৮০০
৫৮	পিরোজপুর	৫৫০
৫৯	পটুয়াখালী	১০০০
৬০	ভোলা	৭৫০
৬১	বরগুনা	১০৫০
	৬১টি জেলায় মোট =	৫৬৬৮৬

২০১২-১৩ অর্থবছরে "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি এর আওতায় বিজেএমইএ এবং বিকেএমইএ -কে নতুন করে নিমণরূপ বিভাজন অনুযায়ী উপকারভোগী নির্বাচন করতে হবে।

২০১২-১৩ অর্থবছরে উপকারভোগী নির্বাচনের জন্য কার্ড সংখ্যার বিভাজন নিমণরূপঃ

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম	কার্ড সংখ্যা
০১	বিজেএমইএ	৪৬১৬
০২	বিকেএমইএ	৬১৯৮
	মোট =	১০৮১৪

**২৬ নম্বর বিল**

“কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির” আওতায় ২০১১-২০১২ অর্থ বছরের ছাড়কৃত অর্থের খাতওয়ারী ব্যয়ের হিসাব বিবরণী।

খাতসমূহ	মূল বরাদ্দ	সংশোধিত	ছাড়কৃত অর্থ		মোট ছাড়কৃত অর্থ	সর্বমোট ব্যয়	অব্যয়িত অর্থ (সারেস্তার)
			১ম কিসিম	২য় কিসিম			
উপকারভোগী ভাতা বাবদ (৭৭,৬০০ ী ৩৫০০ী ১২)	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	১৬,২৯,৬০,০০০	১৬,২৯,৬০,০০০	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	-
<b>উপমোট=</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>১৬,২৯,৬০,০০০</b>	<b>১৬,২৯,৬০,০০০</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>-</b>
ব্যংকরেমিটেন্স/সার্ভিস চার্জ	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	১,৮৮,১৬৪	১,৮৮,১৬৪	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	-
এনজিওদের সার্ভিস চার্জ ৭৭৬০০০ী ২০০	১,৫৫,২০,০০০	১,৫৫,২০,০০০	৭৭,৬০,০০০	-	৭৭,৬০,০০০	৪৫,৩৪,৭১৮.৭২	৩২,২৫,২৮১.২৮
যানবাহন সংক্রামক ব্যয়:							
যানবাহন ভাড়া (৬০,০০০ী ১২)	৭,২০,০০০	৭,২০,০০০	৩,৬০,০০০	-	৩,৬০,০০০	২,৯৫,৪৪৮.২৭	৬৪৫৫১.৭৩
যানবাহন জালানী (৪০,০০০ী ১২)	৩,০০,০০০	৩,০০,০০০	১,৫০,০০০	-	১,৫০,০০০	৫৩,০৫১.২০	৯৬,৯৪৮.৮০
কম্পিউটার কালি(১০০০০ী ৫)	৪০,০০০	৪০,০০০	২০,০০০	২০,০০০	৪০,০০০	৩৯,৯৪৫.০০	৫৫.০০
মেরামত সার্ভিস চার্জ ১৫০০০	১০,০০০	১০,০০০	৫,০০০	৫,০০০	১০,০০০	-	১০,০০০
১টি ফটোকপি মেশিন ক্রয়	২,০০,০০০	২,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	২,০০,০০০	১,৮৪,৫০০.০০	১৫,৫০০.০০
ফটোকপি মেশিনের কালি ১০টি	১৫,০০০	১৫,০০০	৭,৫০০	৭,৫০০	১৫,০০০	-	১৫,০০০.০০
ফটোকপি মেশিনের সার্ভিসিং	৫,০০০	৫,০০০	২,৫০০	২,৫০০	৫,০০০	-	৫,০০০.০০
আনুষংগিক ব্যয় (সদর কার্যালয়)	১,০০,০০০	১,০০,০০০	৫০,০০০	৫০,০০০	১,০০,০০০	৯৮,৯০০.০০	১,১০০.০০
জেলা পর্যায় আনুষংগিক ৩০০০ী ৬১	৬১,০০০	৬১,০০০	৩০,৫০০	৩০,৫০০	৬১,০০০	৬১,০০০	-
বিভিন্ন কমিটির সভা ও সম্মানি ভাতা:							
স্ট্রয়ারিং কমিটির সভার আপ্যায়ন ও আনুষংগিক ৮০০০ী ২টি সভা	১৬,০০০	১৬,০০০	৮০০০	৮০০০	১৬,০০০	১২,০০০.০০	৪০০০.০০
সম্মানী ভাতা ১০০০ী ১৮ী ২টি	-	-	-	-	-	-	-
বাস্তবায়ন ও মনিটরিং কমিটি							
সভার আপ্যায়ন ও আনুষংগিক ২০০০ী ৪টি সভা	৮,০০০	৮,০০০	৪০০০	৪০০০	৮,০০০	১,৯০০.০০	৬,১০০.০০
সভার সম্মানী ১০০০ী ৯জনী ৪টি	-	-	-	-	-	-	-
জেলা পর্যায়ে সভার আপ্যায়ন ২০০০ী ২টী ৬১টি জেলা	৬১,০০০	৬১,০০০	৩০৫০০	৩০৫০০	৬১,০০০	৬১,০০০	-
বিবিধ	১,০০,০০০	১,০০,০০০	৫০০০০	৫০০০০	১,০০,০০০	৯৭,৯৫১.৪০	২,০৪৮.৬০
<b>উপমোট =</b>	<b>১,৭৫,৩২,৩২৮</b>	<b>১,৭৫,৩২,৩২৮</b>	<b>৮৭,৬৬,১৬৪</b>	<b>৪,৯৬,১৬৪</b>	<b>৯২,৬২,৩২৮.০০</b>	<b>৫৮,১৬,৭৪২.৫৯</b>	<b>৩৪,৪৫,৫৮৫.৪১</b>
<b>সর্বমোট=</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>১৭,১৭,২৬,১৬৪</b>	<b>১৬,৩৪,৫৬,১৬৪</b>	<b>৩৩,৫১,৮২,৩২৮.০০</b>	<b>৩৩,১৭,৩৬,৭৪২.৫৯</b>	<b>৩৪,৪৫,৫৮৫.৪১</b>

০২। “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির অনুকূলে (কোড নং -৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫- বিশেষ অনুদান) ২০১১-২০১২ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩৪,৩৪,৫২ লক্ষ টাকা (পত্র পৃষ্ঠা নং -০১)। ১ম কিসিমতে ছাড়কৃত অর্থের পরিমাণ ১৭,১৭,২৬,১৬৪ টাকা এবং ২য় কিসিমতে ছাড়কৃত অর্থের পরিমাণ ১৬,৩৪,৫৬,১৬৪ টাকা অর্থাৎ মোট ৩৩,৫১,৮২,৩২৮.০০ টাকা (পত্র পৃষ্ঠা নং ০১)। ছাড়কৃত অর্থ হতে ৭৭৬০০ জন উপকারভোগীদের ভাতা বাবদ ব্যয় ৩২,৫৯,২০,০০০ টাকা এবং অন্যান্য খাতসমূহে ব্যয় ৫৮,১৬,৭৪২.৫৯ টাকা অর্থাৎ ২০১১-১২ অর্থবছরে সর্বমোট ব্যয় ৩৩,১৭,৩৬,৭৪২.৫৯ টাকা। অব্যয়িত অর্থের পরিমাণ ৩৪,৪৫,৫৮৫.৪১ টাকা যা সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

উ-সম্বন্ধ: ফখিফখশখ@মসম্বন্ধ.পডস.

স্মারক নং - মবিঅ/ঢাক/ল্যাক:মা:/০২/২০১০

তারিখ : /৭/২০১২

বিষয়: ২০১১ - ২০১২ অর্থবছরের ব্যয় বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৩২.০০.০০০০.০২৩.০২০.৪১.২০১১-২৭৮ তারিখ : ০৪/০৭/২০১২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি (কোড নং ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫ ‘বিশেষ অনুদান খাত’) ২০১১ - ২০১২ অর্থবছরের ব্যয় বিবরণী প্রেরিত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

অর্থনৈতিক কোড	খাতের নাম	বাজেট ২০১১-১২	সংশোধিত বাজেট	মোট ব্যয়	উদ্বৃত্ত	অতিরিক্ত ব্যয়	মমত্বাব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
	উপকারভোগী ভাতা বাবদ (৭৭,৬০০ ী ৩৫০ ী ১২)	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	-	-	
	ব্যাংকরেমিটেন্স /সার্ভিস চার্জ	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	-	-	
	এনজিওদের সার্ভিস চার্জ ৭৭৬০০ ী ২০০	১,৫৫,২০,০০০	১,৫৫,২০,০০০	৪৫,৩৪,৭১৮.৭২	১০৯৮৫২৮১.২৮	-	এ খাতে ৭৭৬০০০০ টাকা ছাড়করা হয় নি।
	যানবাহন সংক্রামত্ম ব্যয়:						
	যানবাহন ভাড়া ( ৬০,০০০ ী ১২)	৭,২০,০০০	৭,২০,০০০	২,৯৫,৪৪৮.২৭	৪২৪৫৫১.৭৩	-	এ খাতে ৩৬০০০০ টাকা ছাড়করা হয় নি।
	যানবাহন জ্বালানী (৪০,০০০ ী ১২)	৩,০০,০০০	৩,০০,০০০	৫৩,০৫১.২০	২৪৬৯৪৮.৮০	-	এ খাতে ১৫০০০০ টাকা ছাড়করা হয় নি।
	কম্পিউটার কালি(১০০০ ী ৫)	৪০,০০০	৪০,০০০	৩৯,৯৪৫.০০	৫৫.০০	-	
	মেরামত সার্ভিস চার্জ ১৫০০০	১০,০০০	১০,০০০	-	১০,০০০	-	
	১টি ফটোকপি মেশিন ক্রয়	২,০০,০০০	২,০০,০০০	১,৮৪,৫০০.০০	১৫,৫০০.০০	-	
	ফটোকপি মেশিনের কালি ১০টি	১৫,০০০	১৫,০০০	-	১৫,০০০.০০	-	
	ফটোকপি মেশিনের সার্ভিসিং	৫,০০০	৫,০০০	-	৫,০০০.০০	-	
	আনুষংগিক ব্যয় (সদর কার্যালয়)	১,০০,০০০	১,০০,০০০	৯৮,৯০০.০০	১,১০০.০০	-	
	জেলা পর্যায় আনুষংগিক ৩০০০ ী ৬১	৬১,০০০	৬১,০০০	৬১,০০০	-	-	
	বিভিন্ন কমিটির সভা ও সম্মানি ভাতা:						
	স্টিয়ারিং কমিটির সভার আপ্যায়ন ও আনুষংগিক ৮০০০ ী ২টি সভা	১৬,০০০	১৬,০০০	১২,০০০.০০	৪০০০.০০	-	
	সম্মানি ভাতা ১০০০ ী ১৮ ী ২টি	-	-	-	-	-	
	বাস্তবায়ন ও মনিটরিং কমিটি						
	সভার আপ্যায়ন ও আনুষংগিক ২০০০ ী ৪টি সভা	৮,০০০	৮,০০০	১,৯০০.০০	৬১০০.০০	-	
	সভার সম্মানি ১০০০ ী ৯জনী ৪টি	-	-	-	-	-	
	জেলা পর্যায়ে সভার আপ্যায়ন ২০০০ ী ২টী ৬১টি জেলা	৬১,০০০	৬১,০০০	৬১,০০০	-	-	
	বিবিধ	১,০০,০০০	১,০০,০০০	৯৭,৯৫১.৪০	২,০৪৮.৬০	-	
	<b>সর্বমোট=</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>৩৩,১৭,৩৬,৭৪২.৫৯</b>	<b>১১৭১৫৫৮৫.৪১</b>	<b>-</b>	<b>৮২৭০০০০</b>

বি : দ্র: উপরে বর্ণিত ছকে বরাদ্দকৃত বাজেট ৩৪,৩৪,৫২,৩২৮ টাকা, ব্যয় ৩৩,১৭,৩৬,৭৪২.৫৯ টাকা এবং অব্যয়িত ১১৭১৫৫৮৫.৪১ টাকা। (অব্যয়িত ১১৭১৫৫৮৫.৪১ টাকার মধ্যে ৮২৭০০০০ টাকা ছাড়করা হয় নি এবং ছাড়কৃত ৩৪৪৫৫৮৫.৪১ টাকা যা চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা)

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আশরাফ হোসেন)

মহাপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব (বাজেট ও অডিট)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
E-mail:dwadhaka@gmail.com.

স্মারক নং - মবিঅ/ঢাক/ল্যাক:মা:/অর্থ অবমুক্তি/০৪/২০১১

তারিখ : /৭/২০১২

**বিষয়:** “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি (কোড নং ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫ ‘বিশেষ অনুদান খাত’) এর ২০১২ - ২০১৩ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের খাত ওয়ারী বিভাজন এবং অর্থ ছাড়করণের অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল” কর্মসূচি (কোড নং ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫ ‘বিশেষ অনুদান খাত’) এর ২০১২ - ২০১৩ অর্থবছরে বরাদ্দকৃত বিশেষ অনুদান খাতে ৩২,৬০,২৫,০০০ টাকা এবং সাধারণ মঞ্জুরী খাতে ১,৬৪,০৮,০০০ টাকার **ব্যয়েরখাত ওয়ারী বিভাজন নিম্নরূপ:**

অর্থনৈতিক কোড	ব্যয়ের খাতসমূহের নাম	প্রসম্মানিত বাজেট ২০১২-১৩	মূল বাজেট ২০১২-১৩	ব্যাখ্যা
	২	৩	৩	৫
	<b>বিশেষ অনুদান খাত</b>			
	উপকারভোগী ভাতা বাবদ (৭৭,৬২৫ X ৩৫০ X ১২)	৩২৬০২৫০০০	৩২৬০২৫০০০	
	উপমোট =			
	<b>সাধারণ মঞ্জুরী খাত</b>			
	ব্যাংক সার্ভিস চার্জ	৩৭৭৬৭৪	৩৭৭৬৭৪	অগ্রণী ব্যাংকে উপকারভোগীদের ভাতার অর্থ ৩২৬০২৫০০০ টাকা বিজিএমইএ এবং বিকেএমইএ এর আওতায় ঢাকা,নারায়ণগঞ্জ ও গাজীপুর এবং ৬১টি জেলা অগ্রণী ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় স্থানান্তর বাবদ
	এনজিওদের সার্ভিস চার্জ ৭৭৬২৫ X ২০০	১৫৫২৫০০০	১৪২৩১২৫০	জুলাই-১২ মাসে এনজিওদের চুক্তি বৃদ্ধি করা হয় নি বিধায় এখাতে ১মাসের সমপরিমাণ ১২৯৩৭৫০ টাকা ব্যয় হবে না।
	যানবাহন ভাড়া ( ৭০০০০ X ১২)	৮৪০০০০	৭২০০০০	
	যানবাহন জ্বালানী (৪০,০০০ X ১২)	৩০০০০০	৩০০০০০	
	কম্পিউটার কালি(১০০০০ X ৫)	৪০০০০	৪০০০০	
	মেরামত সার্ভিস চার্জ ১৫০০০	১০০০০	১০০০০	
	১টি ফটোকপিমেসিন ক্রয়			
	ফটোকপি মেসিনের কালি ১০টি	১৫০০০	১৫০০০	
	ফটোকপি মেসিনের সার্ভিসিং			
৩৬৯৪২২	আনুষংগিক ব্যয় (সদর কার্যালয়)	১০০০০০	১০০০০০	
	জেলা পর্যায় আনুষংগিক ৩০০০ X ৬১	৬১০০০	১২২০০০	
	বিভিন্ন কমিটির সভা ও সম্মানি ভাতা:			
	স্টিয়ারিং কমিটির সভার আপ্যায়ন ও আনুষংগিক ৮০০০ X ২টি সভা	১৬০০০	১৬০০০	
	স্টিয়ারিং কমিটির সম্মানী ভাতা ১০০০ X ১৩ X ২টি		২৬০০০	
	বাস্তবায়ন ও মনিটরিং কমিটি			
	সভার আপ্যায়ন ও আনুষংগিক ২০০০ X ৪টি সভা	৮০০০	৮০০০	
	সভার সম্মানী ১০০০ X ৯জনী ৪টি			
	জেলা পর্যায়ে সভার আপ্যায়ন ২০০০ X ২৮টা ৬১টিজেলা	৬১০০০	১২২০০০	
	চুক্তিবদ্ধ সিবিও/এনজিও ওরিয়েন্টেশন		২০০০০০	
	বিবিধ	১০০০০০	১০০০০০	
	উপ মোট=	১৬৪০৮০০০	১৬৪০৮০০০	
	সর্বমোট=	৩৪২৪৩৩০০০	৩৪২৪৩৩০০০	

২০১২ - ২০১৩ অর্থবছরের বরাদ্দকৃত অর্থের উপরে বর্ণিত খাত ওয়ারী বিভাজন এবং অর্থ ছাড়করণের অনুমোদন প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আশরাফ হোসেন)

মহাপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব (বাজেট ও অডিট)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

খাতসমূহ	মূল বরাদ্দ ২০১১-২০১২	সংশোধিত ২০১১-২০১২	প্রসঙ্গাধিত বাজেট ২০১২-১৩	
উপকারভোগী ভাতা বাবদ (৭৭,৬০০ ০০০ ১২)	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	৩২,৬০,২৫,০০০	-
<b>উপমোট=</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>৩২,৫৯,২০,০০০</b>	<b>৩২,৬০,২৫,০০০</b>	<b>-</b>
ব্যাংকরেমিটেন্স/সার্ভিস চার্জ	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	৩,৭৬,৩২৮	-
এনজিওদের সার্ভিস চার্জ ৭৭৬০০০ ২০০	১,৫৫,২০,০০০	১,৫৫,২০,০০০	৭৭,৬০,০০০	৩২,২৫,২৮১.২৮
যানবাহন সংক্রামক ব্যয়:				
যানবাহন ভাড়া (৬০,০০০ ১২)	৭,২০,০০০	৭,২০,০০০	৩,৬০,০০০	৬৪৫৫১.৭৩
যানবাহন জ্বালানী (৪০,০০০ ১২)	৩,০০,০০০	৩,০০,০০০	১,৫০,০০০	৯৬,৯৪৮.৮০
কম্পিউটার কালি(১০০০০ ৫)	৪০,০০০	৪০,০০০	৪০,০০০	৫৫.০০
মেরামত সার্ভিস চার্জ ১৫০০০	১০,০০০	১০,০০০	১০,০০০	১০,০০০
১টি ফটোকপি মেশিন ক্রয়	২,০০,০০০	২,০০,০০০		১৫,৫০০.০০
ফটোকপি মেশিনের কালি ১০টি	১৫,০০০	১৫,০০০	১৫,০০০	১৫,০০০.০০
ফটোকপি মেশিনের সার্ভিসিং	৫,০০০	৫,০০০	৫,০০০	৫,০০০.০০
আনুষংগিক ব্যয় (সদর কার্যালয়)	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	১,১০০.০০
জেলা পর্যায় আনুষংগিক ৩০০০ ৬১	৬১,০০০	৬১,০০০	৬১,০০০	-
বিভিন্ন কমিটির সভা ও সম্মানি ভাতা:				
স্টিয়ারিং কমিটির সভার আপ্যায়ন ও আনুষংগিক ৮০০০ ২টি সভা	১৬,০০০	১৬,০০০	১৬,০০০	৪০০০.০০
সম্মানি ভাতা ১০০০ ১৮ ২টি	-	-	-	-
বাস্তবায়ন ও মনিটরিং কমিটি				
সভার আপ্যায়ন ও আনুষংগিক ২০০০ ৪টি সভা	৮,০০০	৮,০০০	৮,০০০	৬,১০০.০০
সভার সম্মানি ১০০০ ৯জনী ৪টি	-	-	-	-
জেলা পর্যায়ে সভার আপ্যায়ন ২০০০ ২টী ৬১টিজেলা	৬১,০০০	৬১,০০০	৬১,০০০	-
বিবিধ	১,০০,০০০	১,০০,০০০	১,০০,০০০	২,০৪৮.৬০
<b>উপমোট =</b>	<b>১,৭৫,৩২,৩২৮</b>	<b>১,৭৫,৩২,৩২৮</b>	<b>৯২,৬২,৩২৮.০০</b>	<b>৩৪,৪৫,৫৮৫.৪১</b>
<b>সর্বমোট=</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>৩৪,৩৪,৫২,৩২৮</b>	<b>৩৩,৫১,৮২,৩২৮.০০</b>	<b>৩৪,৪৫,৫৮৫.৪১</b>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।  
[E-mail:dwadhaka@gmail.com.](mailto:dwadhaka@gmail.com)

স্মারক নং - মবিঅ/ঢাক/ল্যাক:মা:/০২/২০১০

তারিখ : /৭/২০১২

বিষয়: "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি (কোড নং ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫ 'বিশেষ অনুদান খাত') এর ২০১২ - ২০১৩  
অর্থবছরে বরাদ্দকৃত অর্থের খাত ওয়ারী বিভাজন এবং অর্থ ছাড়করণের অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি (কোড নং ৩-৩০০৫-৩১০৮-৫৯৬৫ 'বিশেষ অনুদান খাত') এর ২০১২ - ২০১৩ অর্থবছরে বরাদ্দকৃত বিশেষ অনুদান খাতে ৩২,৬০,২৫,০০০ টাকা এবং সাধারণ মঞ্জুরী খাতে ১,৬৪,০৮,০০০ টাকার ব্যয়েরখাত ওয়ারী বিভাজন নিম্নরূপ:



